**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 05-07-2025** **Desk in Charge : S.M.**
**Time: 7.50 PM** **Editor : Sudip B.**
**DEO : KB** **NR : Sudip B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ –

১/ নারী নির্যাতন নিয়ে তৃণমূল স্তরে আইনি সচেতনতা বাড়াতে ত্রিস্তরীয় পঞ্চায়েতের নির্বাচিত প্রতিনিধি ও আধিকারিকদের প্রশিক্ষণ দেবে রাজ্য সরকার।

২/ তীব্র অপুষ্টিতে ভোগা শিশুদের জন্য সাত জেলায় পুষ্টিকর খাবারের বিশেষ প্যাকেট বিতরণের সিদ্ধান্ত।

৩/ দল, সুপ্রিম কোর্টের রায়ে চাকরী হারানো যোগ্য শিক্ষকদের পাশে রয়েছে বলে রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য মন্তব্য করেছেন।
# চাকরীহারাদের কয়েকজন আজ বিজেপির সল্টলেকের অফিসে তাঁর সঙ্গে দেখা করে।

৪/ রাজ্যের বিভিন্ন প্রান্তে আজ যথোচিত মর্যাদায় উল্টো রথের উৎসবে মেতেছেন মানুষ।

৫/ ঘূর্ণাবর্ত এবং মৌসুমী অক্ষরেখার প্রভাবে রাজ্যের বেশ কিছু জেলায় আজ ও আগামীকাল ভারী থেকে অতিভারী বৃষ্টির পূর্বাভাস।

**********************************************************************

নারী নির্যাতন নিয়ে তৃণমূল স্তরে আইনি সচেতনতা বাড়াতে ত্রিস্তরীয় পঞ্চায়েতের নির্বাচিত প্রতিনিধি ও আধিকারিকদের প্রশিক্ষণ দিতে চলেছে রাজ্য সরকার। এই প্রশিক্ষণের মাধ্যমে ভারতীয় ন্যায় সংহিতা অনুযায়ী নারীর প্রতি অপরাধ সংক্রান্ত ধারা ও আইনগুলির বিষয়ে তাঁদের অবগত করানো হবে, যাতে তাঁরা নিজেদের এলাকায় প্রচার চালিয়ে জনসচেতনতা গড়ে তুলতে পারেন।

এই উদ্যোগের দায়িত্বে থাকবে পঞ্চায়েত দপ্তরের অধীনস্থ 'সোসাইটি ফর ট্রেনিং অ্যান্ড রিসার্চ অন পঞ্চায়েত অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট'। রাজ্যের ২২টি জেলাতেই প্রশিক্ষণের জন্য 'রিসোর্স পারসন' নিযুক্ত করার তোড়জোড় শুরু হয়েছে। যাঁরা শিক্ষকতা, প্রশাসন বা সেনাবাহিনীর মতো ক্ষেত্র থেকে এসেছেন এবং যাঁদের আইনি বিষয়ে অভিজ্ঞতা রয়েছে তাঁদেরই প্রশিক্ষক হিসেবে বাছা হবে। ইচ্ছুকদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করে বিজ্ঞপ্তি জারি করেছে দপ্তর।

*********************

তীব্র অপুষ্টিতে ভোগা শিশুদের জন্য রাজ্য সরকার সাত জেলায় পুষ্টিকর খাবারের বিশেষ প্যাকেট বিতরণের সিদ্ধান্ত নিয়েছে। এই লক্ষ্যে খাদ্য ও সরবরাহ দফতরের তরফে ইতিমধ্যেই টেন্ডার ডেকে বেসরকারি সংস্থা নিয়োগের প্রক্রিয়া শুরু হয়েছে। দায়িত্বপ্রাপ্ত সংস্থা ওই শিশুদের জন্য নির্ধারিত পুষ্টি মান মেনে খাদ্য প্রস্তুত করবে এবং তা নির্ধারিত কেন্দ্রে পৌঁছে দেবে। এই প্রকল্পে প্রথম পর্যায়ে সাতটি জেলাকে অন্তর্ভুক্ত করা হয়েছে। সেগুলি হল— বাঁকুড়া, পুরুলিয়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর, দক্ষিণ ২৪ পরগনা ও উত্তর ২৪ পরগনা। জানা গেছে, আদিবাসী ও গ্রামীণ এলাকার শিশুদের মধ্যেই এই ধরনের তীব্র অপুষ্টি দেখা যাচ্ছে বেশি।

*********************

নিজেদের দাবি-দাওয়া নিয়ে বিজেপির সদ্য দায়িত্বপ্রাপ্ত রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের সঙ্গে আজ সাক্ষাৎ করেছেন 'যোগ্য' চাকরিহারাদের কয়েকজন। বিজেপির সল্টলেক দফতরে 'যোগ্য' চাকরিহারাদের প্রতিনিধি হিসেবে সুমন বিশ্বাস-সহ কয়েকজন যান। তাঁদের সঙ্গে বেশ কিছুক্ষণ কথা বলেন শমীক বাবু। নিজেদের দাবি-দাওয়া সম্বলিত নথি

তাঁর হাতে তুলে দেন 'যোগ্য' চাকরিহারাদের প্রতিনিধিরা। চাকরিহারা শিক্ষক সুমন বিশ্বাস বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজ্যে এলে তাঁরা নিজেদের সমস্যার কথা জানাতে চান। 'যোগ্য' চাকরিহারাদের নিয়ে রাজ্য সরকার কোনও পদক্ষেপ করছে না বলেও তাঁর অভিযোগ।

আজ এক সাংবাদিক সম্মেলনে বিজেপির রাজ্য সভাপতি বলেন, দল যোগ্য চাকরীহারাদের সঙ্গে রয়েছে।

( বাইট- শমীক )

২০২৬-এর বিধানসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেসকে ক্ষমতা থেকে সরানোর আহ্বান জানিয়েছেন শমীকবাবু। তিনি বলেন, পুলিশ প্রশাসনের সম্পূর্ণ রাজনীতিকরণ হয়েছে। তৃণমূল সরকারের বিরুদ্ধে সংখ্যালঘু সম্প্রদায়কে বিভ্রান্ত করার'ও অভিযোগ তুলেছেন শমীকবাবু।

*********************

কসবার সাউথ ক্যালকাটা ল'কলেজে গণধর্ষণ কান্ডে পুলিশ মর্নিং শিফটে ডিউটিতে থাকা এক নিরাপত্তা রক্ষীর মোবাইল ফোন বাজেয়াপ্ত করেছে। নির্যাতিতার বয়ানের প্রেক্ষিতে সঞ্জীব শীল নামে ওই ব্যক্তিকে পুলিশ জেরা করে। বাজেয়াপ্ত করা হয় তার মোবাইল। আগেই জানানো হয়েছে, গণধর্ষণ কান্ডে অভিযুক্ত মনোজিত মিশ্র, প্রমিত মুখোপাধ্যায় ও জইব আহমেদের ৮'ই জুলাই পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে। ঘটনার সময় নিরাপত্তার দায়িত্বে থাকা পিনাকী বন্দ্যোপাধ্যায়ের'ও, ৮'ই জুলাই পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে।

এদিকে, গণধর্ষণ কান্ডের প্রতিবাদে কসবা থানার সামনে SUCI- এর বিক্ষোভ কর্মসূচিকে কেন্দ্র করে আজ দুপুরে তীব্র উত্তেজনা তৈরি হয়। আন্দোলনকারীরা ব্যারিকেড ভেঙে এগোতে গেলে, পুলিশের সঙ্গে তাঁদের ধস্তাধস্তি বাধে। বেশ কয়েকজন SUCI সমর্থককে পুলিশ আটক করেছে।

অন্যদিকে কৃষ্ণনগর শহরের পল্লীশ্রী থেকে পোস্ট অফিসের মোড় পর্যন্ত আজ বিক্ষোভ মিছিল করে SUCI ।

*********************

রাজ্যের নিবন্ধিত অস্বীকৃত রাজনৈতিক দল 'ভারতীয় নিউ ডেমোক্র্যাটিক পার্টি'কে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর শো-কজ করেছে। আগামী ১৭ জুলাই দুপুর ২টোয় নির্ধারিত দলের সভাপতি, সাধারণ সম্পাদক বা প্রধানকে শুনানির জন্য ডাকা হয়েছে। শুনানিতে হাজির বাধ্যতামূলক বলা হয়েছে।

নির্দিষ্ট সময়ে কোনও পদক্ষেপ না নিলে বা শুনানিতে অনুপস্থিত থাকলে সংশ্লিষ্ট দলকে নিষ্ক্রিয় ঘোষণা করা হতে পারে।

জাতীয় নির্বাচন কমিশনের পাঠানো তালিকায় পশ্চিমবঙ্গের ৮টি নিবন্ধিত অস্বীকৃত রাজনৈতিক দলের এটিও ছিল। সেই অনুযায়ী পদক্ষেপ নিয়েছে মুখ্য নির্বাচনী আধিকারিক দফতর।

*********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ত্রিনিদাদ ও টোবাগোর সর্বোচ্চ জাতীয় সম্মানে ভূষিত হওয়ায় রাজ্যপাল সি ভি আনন্দ বোস উচ্ছ্বাস প্রকাশ করেছেন। রাজভবনের পক্ষ থেকে জারি হওয়া এক বিবৃতিতে রাজ্যপাল জানান, এই সম্মান প্রধানমন্ত্রীর নেতৃত্বের আন্তর্জাতিক স্বীকৃতি। রাজ্যপালের মতে, প্রধানমন্ত্রীর নেতৃত্বে কূটনৈতিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক ও কৌশলগত—সব দিক থেকেই বিশ্বমঞ্চে এক নতুন উচ্চতায় পৌঁছেছে ভারত।

*********************

পূর্ব বর্ধমানের কাটোয়ার রাজুয়া গ্রামে বিস্ফোরণে প্রাণহানির ঘটনায় দলের প্রাক্তন কাউন্সিলার জঙ্গল শেখের লোকেদের 'হাত' আছে বলে কাটোয়ার বিধায়ক তথা তৃণমূল কংগ্রেসের জেলা সভাপতি রবীন্দ্রনাথ চট্টোপাধ্যায় অভিযোগ করেছেন। তাঁর এবং দলের লোকেদের ওপর হামলা চালাতেই বোমা বাঁধা হচ্ছিল বলে দাবী করেছেন তিনি। পাশাপাশি খাগড়াগড় বিস্ফোরণের সঙ্গে'ও এদের যোগ থাকতে পারে বলে দাবী রবীন্দ্রনাথ বাবুর।

( বাইট- বিধায়ক রবীন্দ্রনাথ )

উল্লেখ্য, রাজুয়া গ্রামে একটি পরিত্যাক্ত বাড়িতে গতরাতে বিষ্ফোরণে **বরকত শেখ** নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। তুফান চৌধুরী নামে এক আহতকে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। সে দাগী আসামি বলে পুলিশ সূত্রের খবর।
এই ঘটনায় খোকন মন্ডল সহ ২৫ জনকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। বাড়ির মালিক মন্টু সিং-এর সন্ধান চলছে। **বিষ্ফোরণের তদন্তে ফরেন্সিক বিষেষজ্ঞরা আগামীকাল ওই গ্রামে যাবেন বলে খবর।**
স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, বাইরে থেকে দুষ্কৃতীদের এনে, ওই বাড়িতে বোমা বাঁধার সময়ই এই বিষ্ফোরণ হয়।
তৃণমূল কংগ্রেসের জামানায় গোটা রাজ্য বোমার কারখানায় পরিণত হয়েছে বলে অভিযোগ করেছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

( বাইট- অধীর / বোমা)

দখলদারির লড়াই-এ সুবিধা পেতেই রাজ্যে দুষ্কৃতীদের আশ্রয় দেয়া হচ্ছে বলে, CPIM-এর কেন্দ্রীয় কমিটির নেতা সুজন চক্রবর্তী অভিযোগ করেছেন।

( বাইট- সুজন / বোমা )

**********************

কোচবিহারে তৃনমূল কংগ্রেস নেতা রাজু দে-র উপর গুলি চালনা কাণ্ডে কোচবিহার উত্তরের বিজেপি বিধায়ক সুকুমার রায়ের ছেলে দীপঙ্কর রায় ও গাড়ি চালক উত্তম গুপ্তর ৫ দিনের পুলিশি হেফাজত হয়েছে। গতকাল ঝিনাইডাঙার পার্টি অফিস থেকে বাইকে বাড়ি ফেরার সময় স্থানীয় তৃণমূল কংগ্রেস নেতা ও কোচবিহার ২ নম্বর পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ রাজু দে গুলিবিদ্ধ হন। একটি কালো স্করপিও গাড়িতে করে এসে গুলি চালিয়ে দুষ্কৃতীরা পালিয়ে যায়। ঘটনার তদন্তে নেমে পুলিশ বিধায়ক সুকুমার রায়ের ছেলে দীপঙ্কর রায় এবং তার গাড়ি চালক উত্তম গুপ্তকে গ্রেফতার করে। সুকুমার রায়ের ব্যবহৃত কালো স্করপিও গাড়িটিও বাজেয়াপ্ত করা হয়েছে। এফআইআর করা হয়েছে পাঁচজনের নামে ।

এদিকে বিষয়টি নিয়ে ইতিমধ্যেই সরব হয়েছে তৃণমূল কংগ্রেস। অন্যদিকে, বিজেপির পক্ষ থেকে এখনও পর্যন্ত কোনও সরকারি প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

*********************

উল্টো রথ যাত্রায় আজ রাজ্যের বিভিন্ন প্রান্তে সুসজ্জিত শোভাযাত্রায় মূল মন্দিরে ফিরছেন জগন্নাথ, বলভদ্র, সুভদ্রা।

পুরীর রথের পাশাপাশি ৬২৯ বছরের প্রাচীন ঐতিহ্যবাহী হুগলির মাহেশের রথ, ২৯০ বছরেরও বেশি প্রাচীন হুগলির গুপ্তীপাড়ার রথ, ২৫৯ বছরের প্রাচীন মহিষাদল-এর রথ, দীঘার রথ, ইসকন মায়াপুর সহ রাজ্যের বিভিন্ন স্থানে প্রসিদ্ধ রথ ও জগন্নাথ-বলরাম-সুভদ্রাকে নিয়ে ফিরে আসছে মন্দিরে।

মল্ল রাজধানী বাঁকুড়ার বিষ্ণুপুরেও আজ প্রায় তিনশো ষাট বছরের পুরোনো ঐতিহ্যবাহী উল্টোরথ অনুষ্ঠিত হয়।

আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন-

( ভিসি- বাঁকুড়া দেবাশিস )

******************

স্বাধীনতা সংগ্রামী বারীন ঘোষের আজ ১৪৫-তম জন্মবার্ষিকী। বিপ্লবী বারিন ঘোষ, আলিপুর বোমা ষড়োযন্ত্র মামলায় যুক্ত ছিলেন। এই মামলায় দোষী সাব্যস্ত হওয়ায় পর বারীন ঘোষকে প্রথমে প্রাণদণ্ড দেওয়া হলেও পরে তাঁকে আন্দামান জেলে দ্বীপান্তরে পাঠানো হয়।

******************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর থাকা ঘূর্ণাবর্ত, আগামী ২৪ ঘন্টায় নিম্নচাপ অঞ্চলে পরিণত হওয়ার সম্ভাবনা। পাশাপাশি মৌসুমী অক্ষরেখা সক্রিয় থাকায় আজ ও আগামীকাল রাজ্যের বেশ কিছু জেলায় ভারী থেকে অতিভারী বৃষ্টির সম্ভাবনা।
উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং ও জলপাইগুড়ি জেলাতেও বজ্র বিদ্যুৎ সহ মাঝারি থেকে ভারী বৃষ্টি হতে পারে।

*********************************************************************